গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৩ (পরিকল্পনা ও উন্নয়ন)
৯৮, শহিদ তাজউদ্দীন আহমেদ সরণি,
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

বিষয়: শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ অনুযায়ী ভূমি সংস্কার বোর্ডের নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: আব্দুস সবুর মন্ডল, বিপিএএ
তারিখ : ২৮-১১-২০২৩ খ্রি.
সময় : বেলা ১১:০০ ঘটিকা
স্থান : ভূমি সংস্কার বোর্ড-এর সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩, জনাব খৃষ্টফার হিমেল রিছিল ভূমি সংস্কার বোর্ডের ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো উপস্থাপন করেন। তিনি অবহিত করেন যে, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী ১ম ত্রৈমাসিক প্রতিবেদন পূরণ করে ভূমি মন্ত্রণালয়ে ওয়েব লিংকের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। অতঃপর সভায় সভাপতি এজেন্ডাভুক্ত বিষয়সমূহ নিয়ে আলোচনা করেন। এছাড়াও সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ এবং ভূমি সংস্কার বোর্ডের অন্যান্য কর্মকর্তাবৃন্দ শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ বাস্তবায়নে তাদের গুরুত্বপূর্ণ মতামত ও পরামর্শ প্রদান করেন। সভাপতি সুশাসন প্রতিষ্ঠায় স্টেক হোল্ডারদের সাথে সভার বিষয়টি অধিক গুরুত্ব দিয়ে বাস্তবসম্মত ও কার্যকরী করার নির্দেশনা প্রদান করেন। শুদ্ধাচার প্রশিক্ষণের আগে বিষয়বস্তু নির্ধারণ করার পরামর্শ প্রদান করেন। এছাড়া অফিসের কর্ম-পরিবেশ উন্নয়ন, ক্রয় পরিকল্পনা অনুযায়ী যথাযথ বাস্তবায়ন, সরকারি যানবাহন যথাযথ ব্যবহারের ক্ষেত্রে নীতিমালা অনুসরণ, স্টেশনারি সামগ্রীর ব্যবহার, বিদ্যুৎ ও পানির ব্যবহারের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্র. নং. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | | |
| ১। | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন . | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ এর ২য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথভাবে শতভাগ বাস্তবায়ন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| ২। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভায় সঠিক Stakeholders নির্বাচন করে ইতিবাচক/নেতিবাচক বিষয়গুলো গুরুত্ব দিয়ে আগামী ২য় কোয়ার্টারের সভা আয়োজন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ |
| ৩। | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | শুদ্ধাচার প্রশিক্ষণ আয়োজনে সঠিক বিষয়বস্তু নির্ধারণ করে (২য় কোয়ার্টারের) ডিসেম্বর/২৩ এর মধ্যে আয়োজন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ |
| ৪। | কর্ম-পরিবেশ উন্নয়ন | কর্ম-পরিবেশ উন্নয়নে ২য় কোয়ার্টারের মধ্যে গৃহীতব্য কার্যক্রমসমূহ যথাযথভাবে সম্পাদন করতে হবে। তাছাড়া কর্মকর্তা ও কর্মচারীদের দপ্তর/ব্যবহৃত প্রক্ষালন কক্ষে নিয়োজিত পরিছন্নতাকর্মীদের তাদের কাজের হিসাব রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫। | অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব ও উন্নয়ন বাজেটের) | ক্রয়-পরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| ৬। | বাজেট বাস্তবায়ন | ক্রয়-পরিকল্পনা অনুযায়ী বাজেট বাস্তবায়ন করতে হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ৭। | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম | | |
| | (ক) সরকারি যানবাহন ব্যবহার যথাযথ নিশ্চিতকরণ | (ক) সরকারি যানবাহন যথাযথ ব্যবহারের ক্ষেত্রে যে সকল কর্মকর্তা প্রাধিকারভুক্ত তাঁদের প্রত্যয়ন প্রদান করতে হবে এবং যাঁরা প্রাধিকারভুক্ত নন তাঁদেরও সরকারি গাড়ি ব্যবহারের ক্ষেত্রে প্রত্যয়ন প্রদান করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |
| | (খ) নির্ধারিত সময়ের মধ্যে মাঠ পর্যায়ের হতে প্রাপ্ত চাহিদার প্রেক্ষিতে বাজেট বরাদ্দ নিশ্চিতকরণ | (খ) মাঠ পর্যায় হতে প্রাপ্ত চাহিদার প্রেক্ষিতে বাজেট বরাদ্দ ৪০% ২য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী বরাদ্দ প্রদান করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-৪ |
| | (গ) উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস দর্শন/পরিদর্শন | (গ) জনবান্ধব ভূমি সেবা নিশ্চিতকরণে উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী দর্শন/পরিদর্শন করতে হবে। | বোর্ডের উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| | (ঘ) সরকারি সম্পদ এর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | (ঘ) স্টেশনারি সামগ্রীর যথাযথ ব্যবহার, ইলিক্ট্রিক্যাল হাজিরা পদ্ধতি, সিসিটিভি ক্যামেরা সংযোজন এবং বিদ্যুৎ ও পানি ব্যবহারের ক্ষেত্রে অপচয় রোধ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী ভূমি সংস্কার কমিশনার-২ |

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি এপিএ-এর লক্ষ্যমাত্রা শতভাগ পূরণের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১০/২০২

জনাব মো: আব্দুস সবুর মন্ডল, বিপিএএ
চেয়ারম্যান (সচিব)
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন নং-০২-৪১০১০৪৪৩
ই-মেইল-chairman@lrb.gov.bd

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০১৩.৩৫.০১৮.২৩.১১৪

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
৩০ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

(১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
(৩) উপ-ভূমি সংস্কার কমিশনার- ১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
(৪) উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
(৫) উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ বিভাগ।
(৬) ম্যানেজার, ঢাকা নওয়াব এস্টেট/ভাওয়াল রাজ এস্টেট, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
(৭) সহকারী ভূমি সংস্কার কমিশনার- ১/২/৪/৫/৬।
(৮) চেয়ারম্যান (সিনিয়র সচিব)-এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
(১০) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
(১১) অফিস কপি।

৩০/১১/২৩

খৃষ্টফার হিমেল রিছিল
সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
ফোন: ০২৪১০১০৪৫৪
ই-মেইল : alrc3@lrb.gov.bd